দৈনিক খবর

5

তারিখ 10 OCT 1991
পৃষ্ঠা ... ১ ... কলাম ... 2



জনাব আব্দুর রহমান বিশ্বাস গতকাল বুধবার বঙ্গভবনের দরবার হলে এক মনোজ্ঞ অনুষ্ঠানে রাষ্ট্রপতি হিসেবে শপথ গ্রহণ করেন। ভারপ্রাপ্ত প্রধান বিচারপতি মুহম্মদ হাবিবুর রহমান রাষ্ট্রপতিকে শপথ বাক্য পাঠ করান

# নয়া রাষ্ট্রপতির শপথ অনুষ্ঠান সম্পন্ন

☐ বিশেষ সংবাদদাতা ☐ জনাব আবদুর রহমান বিশ্বাস গতকাল বুধবার বিকেলে বঙ্গভবনের দরবার হলে দেশের ত্রয়োদশ রাষ্ট্রপতি হিসেবে শপথ নিয়েছেন। সংক্ষিপ্ত কিন্তু জাকজমকপূর্ণ অনুষ্ঠানে রাষ্ট্রপতি বিশ্বাসকে শপথবাক্য পাঠ করান অস্থায়ী প্রধান বিচারপতি মোহাম্মদ হাবিবুর রহমান। শপথ গ্রহণ শেষে প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া নতুন রাষ্ট্রপতিকে অভিনন্দন জানান। শপথ গ্রহণ অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে প্রাক্তন রাষ্ট্রপতি বিচারপতি এ এম সায়েম, বিচারপতি আহসানউদ্দিন আহমেদ এবং মোহাম্মদউল্লাহ, মন্ত্রিবর্গ, বিচারকবৃন্দ, সেনাবাহিনী প্রধান, অস্থায়ী নৌবাহিনী প্রধান, বিমানবাহিনী প্রধান, রাজনৈতিক নেতৃবৃন্দ, সংসদ সদস্য, বাংলাদেশে নিযুক্ত বিভিন্ন দেশের রাষ্ট্রদূত, উচ্চপদস্থ বেসামরিক এবং সামরিক কর্মকর্তা ও বিশিষ্ট নাগরিকগণ উপস্থিত ছিলেন। আওয়ামী লীগ, জাতীয় পার্টি, বাংলাদেশের কম্যুনিস্ট পার্টি, ন্যাশনাল আওয়ামী পার্টি ও গণতন্ত্রী পার্টির কোন নেতৃবৃন্দ শপথ গ্রহণ অনুষ্ঠানে ছিলেন না।

২-এর পাতায় দেখুন

## নয়া রাষ্ট্রপতির শপথ

প্রথম পৃষ্ঠার পর

সরকারী সূত্রে জানা গেছে, এসব দলের নেতৃবৃন্দকে অনুষ্ঠানে আমন্ত্রণ জানানো হয়েছিল। জামায়াতে ইসলামী বাংলাদেশের আব্বাস আলী খান এবং মতিউর রহমান নিজামী এমপি, ন্যাশনাল ডেমোক্রেটিক পার্টির সালাহউদ্দিন কাদের চৌধুরী এমপি, ওয়ার্কার্স পার্টির রাশেদ খান মেনন এমপি, জাসদ (সিরাজ)-এর শাজাহান সিরাজ এমপি এবং জাসদ (ইনু)-র নেতা হাসানুল হক ইনু অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।

অনুষ্ঠানের নির্ধারিত সময় বিকেল ৪-৩০ মিনিটে প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া দরবার হলে পৌছেন। এর পর পরেই বিউগলের আগমনী ধ্বনির মধ্যে নতুন রাষ্ট্রপতি আবদুর রহমান বিশ্বাস আসেন। এ সময় জাতীয় সঙ্গীত বাজানো হয়। মন্ত্রিপরিষদ সচিব মোহাম্মদ সিদ্দিকুর রহমান শপথ গ্রহণ অনুষ্ঠান পরিচালনা করেন। তেলাওয়াতে কোরআনের পরে রাষ্ট্রপতি শপথ নেন। জাতীয় সঙ্গীতের মাধ্যমে অনুষ্ঠান শেষ হয়।

এর পরে নতুন রাষ্ট্রপতিকে রাষ্ট্রপতি গার্ড রেজিমেন্টের সদস্যরা গার্ড অব অনার প্রদান করেন। রাষ্ট্রপতি বিশ্বাস উপস্থিত বিশিষ্ট ব্যক্তিদের সাথে শুভেচ্ছা বিনিময় করেন। পুরো অনুষ্ঠানে প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়াকে হাস্যোজ্জ্বল দেখা যায়।